

নং স্বাপকম/পার-২/বিবিধ-১০/২০১০-৬১৩

তারিখঃ ৩০/১০/২০১৪ খ্রিঃ


### প্রজ্ঞাপন

ডাঃ মোঃ জাকির হোসেন (৩৭২৬১), প্রাক্তন সিভিল সার্জন, ফেনী (বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর) এর বিরুদ্ধে বিনা টেন্ডারে হাসপাতালের ঔষধ ও অন্যান্য মালামাল ক্রয়সহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক তদন্তে তাঁর বিরুদ্ধে পিপিআর অনুযায়ী টেন্ডার বিজ্ঞপ্তি সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশ না করা, দরপত্র উন্মুক্তকরণ কমিটি গঠন না করে দরপত্র উন্মুক্ত করা, অবাধ ও প্রতিযোগিতামূলক দরপত্র ব্যতীত ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা এবং ২০১৩-১৪ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দের প্রেক্ষিতে নতুন দরপত্র আহ্বান না করে পুরাতন দরদাতাকে কার্যাদেশ প্রদান করার অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমানিত হয়েছে।

২। এক্ষণে, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক তাকে অসদাচরণের দায়ে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। তিনি প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
৩০. ১০. ১৪.  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক,  
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,  
তেজগাঁও, ঢাকা।

নং স্বাপকম/পার-২/বিবিধ-১০/২০১০-৬১৩/১(৩০)

তারিখঃ ৩০/১০/২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, ফেনী।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফেনী।
- ১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। ডাঃ মোঃ জাকির হোসেন (৩৭২৬১), প্রাক্তন সিভিল সার্জন, ফেনী (বর্তমানে ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)।
- ১৪। অফিস কপি।

  
(মইনউদ্দিন আহমদ)  
উপসচিব (পার-২)